



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৭.২০১৬-১৮১

তারিখ: ২৩/০২/২০২১

বিষয় : বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের উচ্চতর গ্রেড প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৭ (২)- (কোন স্থায়ী কর্মচারী তাহার চাকরির ১০ (দশ) বৎসর পূর্তিতে উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির পর পরবর্তী ৬ (ছয়) বৎসরে পদোন্নতি প্রাপ্ত না হইলে ৭ম বৎসরে চাকরী সম্ভোষণক হওয়া সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন) এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ বাস্তবায়ন-১ শাখার ২১/০৯/২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০. ০০২.১৬(অংশ-১)-২৩২ নং পরিপত্রের (গ)-(২)-(একই পদে কর্মরত কোন কর্মচারী একটিমাত্র উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) পাইয়া থাকিলে উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড পাইবার তারিখ হইতে পরবর্তী ৬ (ছয়) বছর পূর্তির পর ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন)-এর আলোকে যে সকল কর্মকর্তাগণ উচ্চতর গ্রেড প্রাপ্ত হয়েছেন সে সকল কর্মকর্তা-কে নিম্নে উল্লিখিত তথ্যাদিসহ ১৫-০৩-২০২১ তারিখের মধ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় তথ্যাদি :

- (ক) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন
- (খ) অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ণপত্র
- (গ) ক্যাডারে ১ম যোগদানের আর্টিক্যাল-৪৭
- (ঘ) চাকুরী স্থায়ীকরণের প্রজ্ঞাপন
- (ঙ) সিলেকশন গ্রেড প্রাপ্তির প্রজ্ঞাপন
- (চ) পদোন্নতির প্রজ্ঞাপন
- (ছ) পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের আর্টিক্যাল-৪৭

প্রফেসর ড. শাহ মো: আমির আলী
উপপরিচালক (কলেজ-১)
ফোন: ৯৫৫৮৫০৫

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)
- ৩। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/এনসিটিবি/সকল বোর্ড/ডিআইএ/নায়েম/এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ।
- ৪। সহকারী পরিচালক (কলেজ-১, ২, ৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৬। সংরক্ষণ নথি।